

২২ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

তারিখ: -----

৭ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ

নির্দেশ বিজ্ঞপ্তি নং-১৩৭৭/২৫

সকল মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক

একান্ত সচিব, ব্যবস্থাপনা পরিচালক ও সকল উপব্যবস্থাপনা পরিচালক

সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক

জনতা ব্যাংক পিএলসি.

প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/সকল স্টাফ কলেজ

লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/সকল এরিয়া অফিস/সকল শাখা

এবং সকল সাবসিডিয়ারী কোম্পানি।

বিষয়: “জনতা ওমরাহ ডিপোজিট স্কিম” চালুকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ থেকে বহু ধর্মপ্রাণ মুসলমান প্রতি বছর ওমরাহ পালন করতে সৌদি আরব যান। এখানে যে অর্থের প্রয়োজন হয় তার সংস্থান করতে এবং ওমরাহ সহজ করতে গত ২০/১১/২০২৫ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৮৬৪তম সভায় ধর্মপ্রাণ মুসলমানদের জন্য “জনতা ওমরাহ ডিপোজিট স্কিম” চালুর অনুমোদন প্রদান করা হয়; যার নীতিমালা নিম্নরূপঃ

১. স্কিমের নামঃ জনতা ওমরাহ ডিপোজিট স্কিম।
২. স্কিমের মেয়াদঃ ১ বছর থেকে ৫ বছর।
৩. মুনাফার হারঃ জমাকৃত আমানত হবে সম্পূর্ণ সুদ ও মুনাফা মুক্ত; তবে জমাকৃত টাকা শরীয়াহ ভিত্তিক বিনিয়োগ করে মুনাফা অর্জন করা সম্ভব হলে আনুপাতিক হারে মুনাফা প্রদান করা যেতে পারে।
৪. কিস্তি জমা দেওয়ার সময়ঃ স্কিমের টাকা বছরের যে কোনো কর্মদিবসে এককালীন/কিস্তিতে জমা দেওয়া যাবে, তবে প্রাথমিক জমা হবে সর্বনিম্ন ৫০০০ টাকা।
৫. গ্রাহক মাসিক কিস্তিতে অথবা যে কোনো ব্যাংকিং কর্মদিবসে, যতবার ইচ্ছা ততবার, যে কোনো পরিমাণ টাকা জমা করতে পারবেন।
৬. হিসাব খোলার যোগ্যতাঃ আঠার বছর বা তদুর্ধ্ব বয়স্ক সুস্থ মস্তিষ্ক সম্পন্ন বাংলাদেশী ধর্মপ্রাণ মুসলিমগণ।
৭. জমাকৃত অর্থ সকল প্রকার ব্যাংক চার্জবিহীন।
৮. প্রয়োজনে অত্র ব্যাংকের এক শাখা হতে অন্য শাখায় বিনা খরচে হিসাব স্থানান্তর করা যাবে।
৯. গ্রাহকদের সুবিধার্থে নিম্নে উদাহরণের মাধ্যমে ওমরাহ ডিপোজিট স্কিমের গ্রাহক কিভাবে টাকা জমা করবেন তা তুলে ধরা হলো।

২০২৬ সালের ওমরাহের আনুমানিক খরচ ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ টাকা মাত্র) ধরে পরবর্তী বছরগুলোর জন্য বার্ষিক ৫% (চক্রবৃদ্ধি) খরচ বৃদ্ধি হিসেবে ১-৫ বছরের আনুমানিক খরচ নিম্নরূপে হিসাবায়ন করা হয়েছেঃ

ক্রম	টাকার পরিমাণ	প্রবৃদ্ধি (৫%)	ওমরাহ পালনের বছর	আনুমানিক ব্যয়
১	১,৫০,০০০	৭,৫০০	২০২৭	১,৫৭,৫০০
২	১,৫৭,৫০০	৭,৮৭৫	২০২৮	১,৬৫,৩৭৫
৩	১,৬৫,৩৭৫	৮,২৬৯	২০২৯	১,৭৩,৬৪৪
৪	১,৭৩,৬৪৪	৮,৬৮৩	২০৩০	১,৮২,৩২৭
৫	১,৮২,৩২৭	৯,১১৭	২০৩১	১,৯১,৪৪৪

আমানতকারীর হিসাব খোলা ও ওমরাহ গমনের মধ্যবর্তী সময়ের ভিত্তিতে তিনি টাকা জমা করবেন।

চলমান পাতা-২

বিষয়: “জনতা ওমরাহ ডিপোজিট স্কিম” চালুকরণ প্রসঙ্গে।**পূর্ববর্তি পৃষ্ঠার পর:**

উদাহরণ: ধরা যাক একজন ব্যক্তি ২০২৭ সালের এপ্রিল মাসে ওমরাহ পালন করবেন। সে ক্ষেত্রে তাঁকে অন্তত ২ (দুই) মাস পূর্বে অর্থাৎ ঐ বছর ফেব্রুয়ারি মাসে টাকা জমা প্রদান করতে হবে। তিনি ২০২৫ সালের ডিসেম্বর মাসে হিসাব খুললে কিস্তির পরিমাণ হবেঃ

কিস্তির সংখ্যা হবে ১৩টি (২০২৫ সালে ১টি, ২০২৬ সালে ১২টি)।

অর্থাৎ, ২০২৭ সালে ওমরাহ পালনে ইচ্ছুক গ্রাহক ২০২৫ সালের ডিসেম্বর মাসে হিসাব খুললে (১,৫৭,৫০০÷১৩) অর্থাৎ ১২,১১৫ টাকা মাসিক কিস্তিতে জমা দিবেন অথবা তিনি যে কোনো পরিমাণ টাকা যে কোনো সময় যতখুশী ততবার জমা করতে পারবেন।

১০. হিসাব খোলার জন্য যা প্রয়োজন:

১. হিসাব খোলার ফরম পূরণ (চলতি আমানতের হিসাব খোলার ফরম-ব্যক্তি হিসাব)।
২. হিসাবধারীর ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি ব্যাংকের নিকট গ্রহণযোগ্য ব্যক্তি কর্তৃক সত্যায়িত।
৩. নমিনীর ১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি হিসাবধারী কর্তৃক সত্যায়িত।
৪. হিসাবধারীর জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স/জন্ম নিবন্ধন।
৫. নমিনীর জাতীয় পরিচয়পত্র/পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স/ জন্ম নিবন্ধন (হিসাবধারী কর্তৃক সত্যায়িত)।
৬. প্রাথমিক জমাঃ ৫০০০ টাকা (কমপক্ষে)।
৭. অত্র স্কিমের বিজ্ঞপ্তি প্রকাশের পর প্রকিউরমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক দ্রুততম সময়ের মধ্যে বর্ণিত স্কিমের জমা স্লিপ/বই ডিজাইন ও প্রিন্টিং এর ব্যবস্থা গ্রহণপূর্বক শাখাসমূহে সরবরাহের ব্যবস্থা করতে হবে। উক্ত জমা স্লিপ/বই সরবরাহের পূর্ব পর্যন্ত চলতি হিসাবের জমার স্লিপে “জনতা ওমরাহ ডিপোজিট স্কিম” নাম লিখে টাকা জমা গ্রহণ করতে হবে।

১১. হিসাব পরিচালনার নিয়মাবলী:

১. এক বছর হতে পাঁচ বছরের ভেতর ওমরাহ পালনে আগ্রহী ব্যক্তিগণ মাসিক কিস্তির মাধ্যমে অথবা ইচ্ছে মতো টাকা জমা করে “জনতা ওমরাহ ডিপোজিট স্কিম” গড়ে তুলতে পারবেন।
২. একক/যৌথ ব্যক্তির নামে “জনতা ওমরাহ ডিপোজিট স্কিম” হিসাব খোলা যাবে।
৩. মাসের যে কোন সময় কিস্তির টাকা অথবা যে কোনো পরিমাণ টাকা যতবার খুশী ততবার জমা করা যাবে (ব্যাংক খোলা থাকা সাপেক্ষে)।
৪. কোনো মাসে কিস্তির টাকা জমা করতে খেলাপী হলে, পরবর্তী মাসে তা চলতি মাসের কিস্তিসহ অথবা কিস্তির অতিরিক্ত জমা দেয়া যাবে, এ ক্ষেত্রে কোন জরিমানা আরোপ করা হবে না।
৫. আমানতকারী যে কোন সময় লিখিতভাবে মেয়াদ পরিবর্তন করতে পারবেন।
৬. আমানতকারী নির্দিষ্ট মেয়াদের পর বা যে কোন সময় হিসাব বন্ধ করার মাধ্যমে তার আমানত উত্তোলন করতে পারবেন। এ হিসাবের বিপরীতে কোন চেক বই ইস্যু করা হবে না। হিসাবের মেয়াদ পূর্তির পর বা মেয়াদ পূর্তির পূর্বে যে কোন সময় হিসাব বন্ধকরণের ক্ষেত্রে কোন চার্জ/ফি আরোপ করা হবে না।
৭. আমানতকারী গ্রহণযোগ্য কারণ দেখিয়ে অত্র ব্যাংকের এক শাখা হতে অন্য শাখায় এ হিসাব স্থানান্তর করতে পারবেন। এ ক্ষেত্রে হিসাব স্থানান্তরকরণের জন্য কোন চার্জ গ্রহণ করা হবে না।

চলমান পাতা-৩

বিষয়: “জনতা ওমরাহ ডিপোজিট স্কিম” চালুকরণ প্রসঙ্গে।

পূর্ববর্তি পৃষ্ঠার পর:

৮. আমানতকারী নমিনী মনোনীত করবেন, যাতে তাঁর মৃত্যুর পর জমাকৃত টাকা নমিনীকে প্রদান করা যায়। নমিনীকে টাকা প্রদানের জন্য নিম্নবর্ণিত কাগজপত্রাদি গ্রহণ করতে হবে।
 - ক) নমিনীর আবেদনপত্র।
 - খ) মৃত্যুর সনদপত্র।
 - গ) চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক স্বাক্ষর ও ছবি সত্যায়ন পূর্বক নমিনীর পরিচয় নিশ্চিত হতে হবে।
 - ঘ) ইনডেমনিটি বন্ড
৯. আমানতকারী নমিনী পরিবর্তনের প্রয়োজন বোধ করলে অথবা তাঁর জীবদ্দশায় নমিনীর মৃত্যু হলে আমানতকারী লিখিত আবেদনের মাধ্যমে নতুন নমিনী মনোনীত করতে পারবেন।
১০. নমিনী নাবালক হলে ন্যাচারাল গার্ডিয়ান এর মাধ্যমে অর্থ প্রদান করতে হবে। ন্যাচারাল গার্ডিয়ান না থাকলে আদালত কর্তৃক গার্ডিয়ান নিয়োগ করতে হবে।
১১. হিসাব পরিচালনায় সরকারী বিধি-বিধান প্রযোজ্য হবে।
১২. হিসাবের মেয়াদ পূর্তিতে বা মেয়াদ পূর্তির পূর্বে (আমানতকারী হিসাব বন্ধের আবেদন করলে) হিসাব বন্ধ করে পে-ইন-স্লিপ এর মাধ্যমে আমানতকৃত অর্থ পরিশোধ করা যেতে পারে, তবে শাখায় আমানতকারীর কোন হিসাব (সঞ্চয়ী, চলতি ও এসএনডি) থাকলে তার মাধ্যমে পরিশোধ করা যাবে। এ ক্ষেত্রে কোন ধরনের ফি/চার্জ প্রযোজ্য হবে না।
১৩. জেনারেল লেজারের ডিপোজিট স্কিমের অধীন Janata Omrah Deposit Scheme নামে Code no- 1210201034 ব্যবহৃত হবে।
১৪. ব্যাংক যে কোন সময় এ হিসাব সংক্রান্ত যে কোন নিয়মাবলী যৌক্তিক কারণে পরিবর্তন, পরিবর্ধন, পরিমার্জন, সংশোধন বা বাতিল করতে পারবে এবং আমানতকারী তা মেনে চলতে বাধ্য থাকবেন।
১২. শাখাসমূহ এ স্কিমের আওতায় বিশেষ সুবিধাদি উল্লেখ করে হিসাব খোলার জন্য জনসাধারণকে উদ্বুদ্ধ করবে এবং স্বল্প সময়ে সর্বোচ্চ সংখ্যক হিসাব খোলার লক্ষ্যমাত্রা গ্রহণ করবে।
১৩. অবিলম্বে শাখার গ্রাহক/শুভানুধ্যায়ীগণকে এ কর্মসূচী সম্পর্কে অবহিত করার জন্য লিফলেট, হ্যান্ডবিল বিতরণ, “X” ব্যানার প্রদর্শন ও সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক প্রচার প্রচারণা চালাতে হবে।

সম্মানিত পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত “জনতা ওমরাহ ডিপোজিট স্কিম” শীর্ষক প্রকল্পের আওতায় হিসাব খোলার কার্যক্রম আগামী ০৪/০১/২০২৬ তারিখ হতে শুরু করা হবে এবং কর্তৃপক্ষ কর্তৃক পরবর্তি নির্দেশনা না দেওয়া পর্যন্ত চালু থাকবে।

২২/১২/২০২৫
মোহাম্মদ রিয়াজ হোসেন ফেরদৌস
উপমহাব্যবস্থাপক

আপনাদের বিশ্বস্ত,

২২-১২-২০২৫
মেহের সুলতানা
মহাব্যবস্থাপক